দৈনিক ইত্তেফাক

৫।

12 JUN 1987
তারিখ ...
পৃষ্ঠা ... ৩ কলাম ৬ ...

# প্রাথমিক শিক্ষকদের স্বার্থ সংরক্ষণে আইন প্রণয়নের আশ্বাস

শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান বলিয়াছেন, প্রাথমিক শিক্ষাই শিক্ষা ব্যবস্থার মূল ভিত্তি, এটাকে মজবুত না করিলে শিক্ষা ব্যবস্থাকে মজবুত করা যাইবে না।

মন্ত্রী গত রবিবার ময়মনসিংহে বৃহত্তর ময়মনসিংহ জেলা প্রাথমিক শিক্ষক সম্মেলনে এক বিশাল সমাবেশে প্রধান অতিথির ভাষণ

(৪র্থ পৃঃ দ্রঃ)

## প্রাথমিক শিক্ষকদের স্বার্থ

(৩য় পৃঃ পর)

দিতেছিলেন। সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদ।

প্রাথমিক শিক্ষকদের সামাজিক নেতা হিসাবে আখ্যায়িত করিয়া মন্ত্রী তাহাদেরকে নিষ্ঠা ও সততার সাথে দায়িত্ব পালনের আহ্বান জানান। ছোট ছোট শিশুদেরকে কঠোর শাসনের পরিবর্তে স্নেহ দিয়া লেখাপড়া শেখানোর জন্য তিনি পরামর্শ দেন।

শিক্ষামন্ত্রী প্রাথমিক শিক্ষকদের নিরাপত্তা ও স্বার্থ সংরক্ষণের উদ্দেশ্যে প্রয়োজনীয় আইন ও নিয়ম কানুন প্রণয়নের আশ্বাস দেন। বর্তমান সরকারকে শিক্ষা ও শিক্ষকের বন্ধু সরকার বলিয়া তিনি আখ্যায়িত করেন। —তথ্য বিবরণী।